

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/প-২৯(নীতিমালা-২০১৫)/রে-

তারিখঃ

অফিস আদেশ

এই বিশ্ববিদ্যালয়ের গত ১১.০৫.২০১৫ইং তারিখের সিডিকেটে অনুমোদিত নীতিমালা-২০১৫-এর ২৩ নং ধারা অনুযায়ী একই পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাদের মধ্যে বিরাজমান অসামঞ্জস্যতা নিরসন কল্পে ডাইরেক্টর, রেজিস্ট্রার ও সমতুল্য পদের (জাতীয় বেতন স্কেল # ৩, ২০০৯) পরবর্তী উচ্চতর স্কেল (জাতীয় বেতন স্কেল # ২, ২০০৯) প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক সুপারিশ অনুযায়ী ২৫.০৬.২০১৮ তারিখের ফাইন্যান্স কমিটির সিদ্ধান্ত যাহা ২৭.০৬.২০১৮ তারিখে অনুষ্ঠিত সিডিকেট অধিবেশনে অনুমোদিত সংশোধিত নীতিমালা পরিশিষ্ট-৪ এ উল্লিখিত সংশোধন মোতাবেক নীতিমালা-২০১৫-তে নিম্নবর্ণিতভাবে এতদ্বারা সংশোধন করা হইল।

পদের নাম	১১.০৫.২০১৫ইং তারিখের সিডিকেটে অনুমোদিত নীতিমালা	২৭.০৬.২০১৮ তারিখের সিডিকেটে অনুমোদিত সংশোধিত নীতিমালা
ডাইরেক্টর, রেজিস্ট্রার, কম্পট্রোলার, পরীক্ষা নিয়ন্ত্রক, লাইব্রেরিয়ান, চীফ সায়েন্টিফিক অফিসার (ডি.সি.ই), চীফ ইঞ্জিনিয়ার, চীফ মেডিক্যাল অফিসার	রেজিস্ট্রার ও সমতুল্য পদে নিজ নিজ স্কেলের (জাতীয় বেতন স্কেলের ৩ নং) শেষ ধাপে পৌঁছানোর এক বৎসর পর পরবর্তী স্কেল (জাতীয় বেতন স্কেলের ২ নং) প্রদানের বিষয়ে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে বিবেচনা করা যাইতে পারে :- (ক) ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা বা কোন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর মর্যাদাভুক্ত কর্মকর্তা হিসাবে সর্বমোট ১৭ (সতের) বৎসরের চাকুরী হইতে হইবে এবং তন্মধ্যে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা হিসাবে ১০ (দশ) বৎসর চাকুরীকাল থাকিতে হইবে। (খ) এরূপ ক্ষেত্রে শুধুমাত্র বেতন ধার্যের সুবিধা দেওয়া যাইবে। বকেয়া প্রদান করা যাইবে না।	রেজিস্ট্রার ও সমতুল্য পদে নিজ নিজ স্কেলের (জাতীয় বেতন স্কেলের ৩ নং) শেষ ধাপে পৌঁছানোর এক বৎসর পর পরবর্তী স্কেল (জাতীয় বেতন স্কেলের ২ নং) প্রদানের বিষয়টি নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে বিবেচনা করা যাইতে পারে :- (ক) ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা বা কোন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর মর্যাদাভুক্ত কর্মকর্তা হিসাবে সর্বমোট ১৭ (সতের) বৎসরের চাকুরী হইতে হইবে এবং তন্মধ্যে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা হিসাবে ০৭ (সাত) বৎসর চাকুরীকাল থাকিতে হইবে। (খ) এরূপ ক্ষেত্রে শুধুমাত্র বেতন ধার্যের সুবিধা দেওয়া যাইবে। মূল নীতিমালা অনুমোদনের পূর্বে কোন বকেয়া প্রদান করা যাইবে না।

স্বাক্ষর/-

(অধ্যাপক ডঃ এস.এম. মাহবুবুর রহমান)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

তারিখঃ ২৫/০৭/১৮

নং সংস্থা/প-২৯(নীতিমালা-২০১৫)/রে- ৬২৫(৫০)
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

- ১। সকল ডীন মহোদয়, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান/ইন্সটিটিউট ও সেন্টার পরিচালক/হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-১, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। এমআইএসও, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৫। গার্ড ফাইল।

info, email available



(রাকিব আহমেদ সালেহ)

ডেপুটি রেজিস্ট্রার(চঃ দাঃ)

সংস্থাপন শাখা-১